

সহপিডিয়া-ইউনেস্কো ফেলোশিপ ২০২০

Annexure I

ফেলোশিপ সম্পর্কে

ভারতীয় সাংস্কৃতিক ঐতিহ্য এবং জ্ঞানের ধারার নানা বিষয়ে চর্চার সুযোগ করে দিতে বিদ্যানুরাগী, শিক্ষার্থী এবং গবেষকদের জন্য সহপিডিয়া তাদের ফেলোশিপ কর্মসূচির চতুর্থ সংস্করণ (ফোর্থ এডিশন) সানন্দে ঘোষণা করছে।

অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা-বিষয়ক ২০০৩-এর **ইউনেস্কো** ধারা (এরপর **ইউনেস্কো** ২০০৩ ধারা নামে প্রচলিত), “অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের গুরুত্বকে সাংস্কৃতিক বৈচিত্র্যের একটি মুখ্য চালিকাশক্তি এবং দীর্ঘস্থায়ী বিকাশের নিশ্চয়তা হিসেবে” উল্লেখ করে। স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে অমূল্য ঐতিহ্যের গুরুত্ব বৃদ্ধি এবং সমাজ, গোষ্ঠী ও ব্যক্তি মানুষের কাছে তাকে আরও বেশি পৌঁছে দেওয়ার লক্ষ্যে সহপিডিয়া-**ইউনেস্কো** ফেলোশিপ হল সেই সচেতনতা গড়ে তোলার একটি প্রয়াস। ২০২০ সালের সহপিডিয়া-ইউনেস্কো ফেলোশিপটি এইচটি পারেখ ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতা-প্রাপ্ত।

এই উদ্যোগের দ্বারা, বিচিত্র সাংস্কৃতিক বিষয়ে তথ্যনির্মাণ এবং গুরুত্বপূর্ণ গবেষণা চালাতে গবেষকদের উৎসাহিত করা হবে, যেখানে তাঁরা পারস্পরিক আদানপ্রদান এবং সংযোগ বৃদ্ধির দ্বারা নিজেদের কাজকে সমৃদ্ধ করতে পারবেন। ফেলোদের দ্বারা কৃত এই গবেষণা এবং তথ্যনির্মাণকর্মগুলি সহপিডিয়া ওয়েব পোর্টালে প্রকাশিত হবে, যা অনলাইন রিসোর্সের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ভাষা

এই বছরে নিম্নোল্লিখিত ভাষাগুলিতে ফেলোশিপ পাওয়া যাবে – ইংরেজি, হিন্দি, উর্দু, বাংলা, মারাঠী, তামিল এবং মালয়ালম। আঞ্চলিক ভাষাগুলিতে গবেষণা এবং তথ্যনির্মাণে আমরা আরও বেশি উৎসাহ-দান করবো।

যোগ্যতা

কলাবিভাগ এবং সামাজিক বিজ্ঞানের নানা শাখায় স্নাতকোত্তর এবং তার উর্ধ্বে শিক্ষিত, অথবা সমতুল্য অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের জন্য ফেলোশিপ পাওয়া যাবে। আবেদনের বিষয়বস্তুতে পূর্ব পেশাগত বা শিক্ষাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হতে পারে। ফেলোশিপ শুধুমাত্র সেইসমস্ত প্রার্থীরা পাবেন, যাঁদের ভারতীয় ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে। আরও বিশদ জানার জন্য, Annexure 5-এ FAQs দেখুন।

মেয়াদকাল

৩০ অক্টোবর, ২০২০ থেকে ৩০ মার্চ, ২০২১, এই চব্বিশ (২৪) সপ্তাহ সময়-সীমার মধ্যে ফেলোশিপ সম্পূর্ণ করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ফেলোশিপ সম্পূর্ণ করতে ব্যর্থ হলে ফেলোশিপ বাতিল করা হবে। Annexure 3-তে বর্ণিত সময়সীমার প্রতি প্রার্থীদের নজর রাখতে পরামর্শ দেওয়া হচ্ছে।

শ্রেণিবিভাগ

ফেলোশিপগুলি গবেষণা, তথ্যনির্মাণ, অথবা দুটো বিভাগের মিশ্রণে বিভক্ত হতে পারে। বিভাগ নির্বাচনের উপর ভিত্তি করে, নিচে প্রদত্ত তালিকা থেকে প্রার্থীরা তাঁদের প্রকল্পের জন্য প্রেরণীয় বিষয়বস্তু নির্বাচন করতে পারেন। সহপিডিয়ার জন্য বিষয়সূচী তৈরির লক্ষ্যে প্রার্থীরা Annexure 4-এ উল্লিখিত নিয়মাবলী দেখতে পারেন।

প্রকল্পের বিষয়বস্তু

প্রতিটি ফেলোশিপ একটি আবশ্যিক এবং তিনটি ঐচ্ছিক বিষয়বস্তু নিয়ে গঠিত। আবেদনের সময়ে, প্রার্থীরা তিন প্রকারের বিষয়বস্তু নির্ণয় করতে পারেন। এছাড়া, প্রতিটি নির্বাচিত প্রার্থীকে একটি চতুর্থ বিষয়বস্তু জমা দিতে হবে, বিষয়টির উপরে আরও পড়াশোনা এবং গবেষণা করার জন্য যা হবে রেফারেন্স এবং উদ্ভাবন সম্পদ/ গাইড-এর একটা তালিকা। অন্য তিনটি বিষয়বস্তুর বিকল্পগুলি নিচে দেওয়া আছে।

বিষয়বস্তু I

১. সচিত্র সার্বিক বিবরণ/পরিচয়মূলক নিবন্ধ (৫-১০টি চিত্রসহ ৩০০০-৪০০০ শব্দ), বা
২. স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র (ইংরেজি ভাষান্তরসহ তথ্যচিত্রের সময়সীমা 15-20 মিনিট, সঙ্গে ৫০০-৮০০ শব্দের একটি সারসংক্ষেপ)

বিষয়বস্তু II এবং III

১. নির্দিষ্ট বিষয়নির্ভর নিবন্ধ (৩-৫টি চিত্রসহ ১৫০০-২০০০ শব্দ), অথবা
২. একজন বিশেষজ্ঞ/পণ্ডিত/পেশাদার ব্যক্তির সঙ্গে গবেষণার বিষয় সম্পর্কে সাক্ষাৎকার (ন্যূনতম ১০টি প্রশ্নোত্তর-সহ ১৫০০ শব্দ)
৩. একজন বিশেষজ্ঞ/পণ্ডিত/পেশাদার ব্যক্তির সঙ্গে গবেষণার বিষয় সম্পর্কে সাক্ষাৎকার (ন্যূনতম ১০টি প্রশ্নোত্তর-সহ ১৫০০ শব্দ)

এছাড়া, আঞ্চলিক ভাষাগুলিতে কর্মরত নির্বাচিত প্রার্থীদের তাঁদের কাজ ইংরেজিতে অনুবাদ করে দিতে হবে। তার আগে কোনও একটি নমুনা অনুবাদ সহপিডিয়াকে দিয়ে অনুমোদন করিয়ে নিতে হবে।

আর্থিক সহায়তা

নির্বাচিত প্রার্থীদের ৪০,০০০ টাকার একটি পুরস্কার মঞ্জুর করা হবে, যা নির্দিষ্ট বিষয়বস্তু সম্পূর্ণ করার উপর ভিত্তি করে, তিনটি কিস্তিতে ছাড়া হবে। আঞ্চলিক ভাষাগুলিতে কর্মরত ফেলোগণ অনুবাদের জন্য অতিরিক্ত ১০,০০০ টাকা পাবেন (অনুবাদক-প্রেরিত চালান সহপিডিয়া-কর্তৃক অনুমোদনের পর)।

আবেদনের নিয়মাবলী

আবেদনের অংশ হিসেবে নিম্নে উল্লিখিত বস্তুগুলি জমা দিতে হবে:

১. শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার উল্লেখ-সহ একটা সংক্ষিপ্ত জীবনপঞ্জী

২. ২০০-৩০০ শব্দের একটি সারসংক্ষেপ সহ, ১০০০-১৫০০ শব্দের একটি প্রস্তাবিত গবেষণা পরিকল্পনা, যেখানে থাকবে,

ক. কাজের পরিসর

খ. প্রেরণীয় বিষয়বস্তু নির্বাচন

গ. গবেষণার পদ্ধতি এবং সময়সীমা

৩. বিষয়বস্তুর নির্বাচনের উপর ভিত্তি করে, অন্তত ১৫০০ শব্দের (গবেষণার জন্য) একটি লেখা নমুনা (পূর্বে লিখিত প্রবন্ধ), চলচ্চিত্র-নির্মাণ/ভিডিওগ্রাফির ক্ষেত্রে প্রার্থীদের দক্ষতা যাচাইয়ের জন্য ৫-১০ মিনিটের একটি ভিডিও ক্লিপ (তথ্য নির্মাণের জন্য), এবং দুটি বিষয়বস্তু নির্বাচনের ক্ষেত্রে ভিডিও ক্লিপ এবং লেখা দুটিই পাঠানো আবশ্যিক।

৪. অনধিক ১৫টি শিরোনামে বিষয়টির উপর বিদ্যমান সাহিত্য/গ্রন্থপঞ্জি অথবা কাজের তালিকা

নিয়ম এবং শর্তাবলীর জন্য Annexure 2, ফেলোশিপের নির্ধারিত সময়সীমার জন্য Annexure 3 এবং সহপিডিয়ায় বিষয়সূচি তৈরির নিয়মাবলীর জন্য Annexure 4 দেখতে প্রার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে।